বিষয় কোড | ২ | ৭ | ১ |

এইচ এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন

## একাদশ শ্রেণি

## বিষয় ঃ সমাজকর্ম ১ম পত্র (সৃজনশীল)

সময় ঃ ২ ঘন্টা পূর্ণমান— ৬০

[ দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক । যে কোন ছয়টি প্রশ্নের উত্তর দাও ]

১. লামিসা এস এস সি পাশ করার পর সদরপুর মহিলা কলেজে মানবিক বিভাগে ভর্তি হয়ে সে তার বড় চাচার পরামর্শে এমন একটি বিষয় নির্বাচন করে যার বিষয়বস্তু হলো মানুষ, সমস্যা ও সমাধান । বিষয়টির জ্ঞান মানুষকে এমন ভাবে সাহায্য করে যাতে সে পুনরায় ঐ সমস্যায় আর পতিত না হয় । বিষয়টি মানুষের বৃহৎ ক্ষমতা পুনরুদ্ধারে সচেষ্ট ।

ক. সমাজকর্মের সবচেয়ে গ্রহণযোগ্য সংজ্ঞা প্রদান করেছেন কে ? ১

খ. "সম্পদ, সেবা ও সুযোগের সাথে সংযোগ ঘটানো" বলতে কী বোঝায় ? ২

গ. উদ্দীপকে লামিসা কোন বিষয় নির্বাচন করে ? ব্যাখ্যা করো । ৩

ঘ. বিষয়টি মানুষের বৃহৎক্ষমতা পুনরুদ্ধারে সচেষ্ট, বিশ্লেষণ করো । ৪

২. কামাল বাংলাদেশে স্বেচ্ছাসেবী একটি আন্তর্জাতিক সংস্থায় চাকুরী করে। সংস্থাটি এদেশের নারী, শিশু, যুবক, দুঃস্থ মহিলাদের কল্যাণে কাজ করে । সংস্থাটি ঐ সমস্ত শ্রেণির সমস্যা চিহ্নিত করে ভবিষ্যৎ বিপর্যয় মোকাবেলায় কার্যকরী পদক্ষেপ গ্রহণ করে । এছাড়া দারিদ্র্য, জনসংখ্যাস্ফীতি, অপরাধ সংশোধন সহ নানাবিধ কার্যক্রমও সংস্থাটি বাস্তবায়ন করে থাকে ।

ক. সমাজকর্ম কি ধরনের বিজ্ঞান ? ১

খ. উপযোজন বলতে কী বোঝায় ? ২

গ. উদ্দীপকে আধুনিক সমাজকর্মের কোন দিকটি ফুটে ওঠেছে ? ব্যাখ্যা করো । ৩

ঘ. দারিদ্র্য বিমোচন, জনসংখ্যা হ্রাস সমাজকর্মের কোন ধরনের কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট ? বিশ্লেষণ করো । ৪

৩. ১৭৮০ সাল থেকে ১৮৫০ সাল পর্যন্ত সমগ্র ইউরোপ জুড়ে একটি বিশেষ ঘটনার জন্য উল্লেখযোগ্য । ঐ সময়ে সমগ্র ইউরোপ জুড়ে বিশেষ করে ইংল্যান্ডে একটি অবস্থার পরিবর্তন হয় । অর্থনৈতিক ক্ষেত্রে উৎপাদন বৃদ্ধিসহ মানুষের সামগ্রীক জীবনে নানাবিধ ইতিবাচক প্রভাব বিস্তার করে ঘটনাটি ।

ক. যুক্তরাষ্ট্রে কত সালে COS গঠিত হয় ? ১

খ. সংশোধনমূলক কার্যক্রম বলতে কী বোঝায় ? ২

গ. উদ্দীপকে কোন বিশেষ ঘটনার কথা বলা হয়েছে ? ব্যাখ্যা করো । ৩

ঘ. ঘটনাটি অর্থনৈতিক উৎপাদন বৃদ্ধি ব্যতীত আর কি প্রভাব ফেলছে বিশ্লেষণ করো । ৪

৪. 'ক' জেলার বাসিন্দা জামাল নদী ভাঙ্গনে বসতভিটা হারিয়ে তিন ছেলে-মেয়ে নিয়ে ঢাকা শহরে আসে । কাজ করার সামর্থ্য থাকা সত্ত্বেও সে ভিক্ষা বৃত্তি করে কোন রকম

Copyright © Shah Jamal

সংসার চালায়। কিন্তু এতে তার পরিবারের-অর্থনৈতিক অবস্থার তেমন কোন পরিবর্তন হয়নি।

ক. দরিদ্র আইন কমিশন কত সালে করা হয়? ১

খ. পঞ্চদৈত্য বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লেখিত জামাল মিয়া ১৬০১ সালের দারিদ্র্য আইন অনুযায়ী কোন শ্রেণিতে পরে? ব্যাখ্যা করো। ৩

ঘ. জামাল মিয়ার কর্মের মাধ্যমে অর্থনৈতিক সফলতা আসা সম্ভব কি? বিশ্লেষণ করো। ৪

৫. আলাল আর দুলাল দুই ভাই। আলাল উচ্চ শিক্ষিত, সরকারী ব্যাংকে কর্মকর্তা হিসেবে দীর্ঘদিন যাবত কর্মরত। আর দুলাল নবম শ্রেণি পর্যন্ত পড়াশুনা করেছে। সে তার বাবা থেকে প্রাপ্ত জমি চাষ করার পাশাপাশি একটি কাপড়ের ব্যবসা করে। উভয়ের দুইজন করে ছেলে-মেয়ে রয়েছে সবাই বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত। দুই ভাইয়ের আর্থিক অবস্থাই বেশ ভাল।

ক. ব্যক্তিগত মূল্যবোধ কী? ১

খ. পেশাগত দুর্ঘটনা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে আলালের কর্মটি পেশা না বৃত্তি? এর দুইটি বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ৩

ঘ. আলাল ও দুলাল দুই ভাই কর্মের দিক থেকে কী একই প্রকৃতির? বিশ্লেষণ করো। ৪

৬. রশিদ সাহেব একটি জনকল্যাণধর্মী প্রতিষ্ঠানে চাকুরী করেন, যেখানে পিতৃ-মাতৃহীন, দুঃস্থ শিশু-কিশোরদের ভরণপোষণ ও লালনপালন করাসহ ক্ষেত্র বিশেষ তাদের লেখাপড়ার ব্যবস্থা করা হয়। ঐ সমস্ত ছেলে-মেয়েদের সমাজে প্রতিষ্ঠিত না হওয়া পর্যন্ত সেখানে তাদের থাকতে হয়। আমাদের দেশেও এ ধরনের অনেক প্রতিষ্ঠান জনকল্যাণে কাজ করছে।

ক. জাকাত শব্দের অর্থ কী? ১

খ. দরিদ্র আইন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে কোন সনাতন সমাজকল্যাণের কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত কার্যক্রম সমাজকল্যাণের ধর্মীয় অনুভূতি ও মানবতাবোধ থেকে উদ্ভব বিশ্লেষণ করো। ৪

৭. আবদুল জলিল এবং রনজিত কুমার দাস যথেষ্ট সম্পদশালী, দয়ালু এবং দানবীর হিসেবে পরিচিত। স্থানীয় পর্যায়ে সমাজসেবী হিসেবেও তারা বেশ পরিচিত। জীবন সায়াহ্নে এসে তারা উভয়েই তাদের সম্পত্তি নিজ নিজ ধর্মীয় ও জনকল্যাণে দান করে দিলেন। তাদের পিতৃহীন নাতিরাও ঐ সম্পত্তি থেকে বঞ্চিত হলো না।

ক. কার প্রচেষ্টায় বিধবাবিবাহ আইন প্রচলন শুরু হয়? ১

খ. সামাজিক নিরাপত্তা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে আবদুল জলিল এবং রনজিত কুমারের দান ঐতিহ্যগত সমাজকল্যাণের দৃষ্টিতে ব্যাখ্যা করো। ৩

ঘ. আধুনিক যুগেও তাদের দান সমাজকল্যাণের ক্ষেত্রে ভূমিকা রাখতে সক্ষম কী? যুক্তি দাও। ৪

Copyright © Shahjamal

৮. রাজ্জাক একজন সমাজকর্মী। সে জাতি, ধর্ম, বর্ণ নারী-পুরুষ, ধনী-দরিদ্র নির্বিশেষে সকলকে সহায়তা করে থাকেন। সকলের পছন্দ ও মতামতকে তিনি গুরুত্ব দিয়ে থাকেন।

ক. সতীদাহ প্রথা কী ? ১

খ. সামাজিক আন্দোলন বলতে কী বোঝায় ? ২

গ. উদ্দীপকে সমাজকর্মের কোন মূল্যবোধ ফুটে ওঠেছে ? বুঝিয়ে লিখ । ৩

ঘ. আধুনিক সমাজকর্মে উক্ত মূল্যবোধের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৯. মেহেদী ও হাসান দুই ভাই তারা দু'জনই ২০১২ সালে এস এস সি পরীক্ষায় জিপিএ ৪.৯ পেয়ে পাস করার পর ঢাকা শহরের একটি স্বনামধন্য কলেজে ভর্তি হয়। দুই বছর পর অর্থাৎ ২০১৪ সালে উচ্চমাধ্যমিক পরীক্ষায় মেহেদী পায় জিপিএ ৫ এবং হাসান পায় জিপিএ ৩.৫। মেহেদীর ক্ষেত্রে বাবা খুশি হলেও হাসানের ব্যাপারে সে ভীষণ উদ্বিগ্ন।

ক. মূল্যবোধ কী ? ১

খ. বায়তুলমাল বলতে কী বোঝায় ? ২

গ. উদ্দীপকে মেহেদী ও হাসানের ২০১২ ও ২০১৪ সালের ফলাফল সমাজকর্মের কোন প্রত্যয়ের ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. হাসান ও মেহেদীর ফলাফল কী একই অর্থ প্রকাশ করে বিশ্লেষণ করো। ৪

Copyright © Shah Jamal

বিষয় কোড ২৭১

# এইচ এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন

**একাদশ শ্রেণি**

**সময় : ৪০ মিনিট** | **বিষয় : সমাজকর্ম ১ম পত্র (বহুনির্বাচনি)** | **পূর্ণমান—৪০**

**[ উত্তরপত্রের সঠিক উত্তরে টিক (✓) চিহ্ন দাও ]**

১. সমাজকর্মের বহুল প্রচলিত সংজ্ঞা প্রদান করেছেন কে ?
ক Gertrude Wilson
খ James Midgley
গ Socialwork Dictionary
ঘ W.A Fried Lander

২. সমাজকর্ম কয়টি প্রক্রিয়ায় সাহায্যার্থীকে সহায়তা প্রদান করে ?
ক ২টি খ ৩টি গ ৪টি ঘ ৫টি

৩. সমাজকর্ম হলো একটি—
i. কলা ii. বিজ্ঞান iii. পেশা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ৪ ও ৫ প্রশ্নের উত্তর দাও :**
আধুনিক পেশাগত সমাজকর্মের বিকাশে একটি প্রতিষ্ঠান সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। উনবিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধে এর উদ্ভব ঘটে। সংগঠনটির অন্যতম উদ্দেশ্য হলো, সম্পদের অপচয় রোধ করা, দরিদ্রদের কার্যকরীভাবে সাহায্য করা।

৪. উদ্দীপকে কোন সংগঠনের কথা বলা হয়েছে ?
ক জাতীয় সমাজকর্মী সমিতি খ জাতীয় স্কুল সমাজকর্ম
গ দান সংগঠন সমিতি ঘ রেডক্রিসেন্ট সোসাইটি

৫. উক্ত সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্য হলো—
i. অনিয়ম, দুর্নীতি রোধ করা
ii. দেশের উন্নয়ন ত্বরান্বিত করা
iii. সংশ্লিষ্ট বিষয়ে উচ্চ শিক্ষা প্রদান
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৬. '১৩৪৯' সালের শ্রম আইন প্রণয়ন করেন কে ?
ক রাজা দ্বিতীয় এডওয়ার্ড খ রাজা তৃতীয় এডওয়ার্ড
গ রাজা চতুর্থ এডওয়ার্ড ঘ রাজা পঞ্চম এড ওয়ার্ড

**নিচের উদ্দীপকটি পড় এবং ৭ ও ৮ প্রশ্নের উত্তর দাও :**
"ক" ও "খ" দুই ভাই। "ক" উচ্চ শিক্ষিত, গ্রামের একটি কলেজে চাকুরী করেন। "খ" প্রাথমিক বিদ্যালয় শেষ করার পর আর পড়াশুনা করেননি। তিনি কৃষি কাজ করে জীবিকানির্বাহ করেন। উভয়ের আর্থিক অবস্থা বেশ ভাল।

৭. উদ্দীপকের "খ" এর কর্মটিকে কি বলা হয়?
ক বৃত্তি খ জীবিকা গ পেশা ঘ কৃষি

৮. উদ্দীপকে 'ক' ও 'খ' এর কর্মের মধ্যে পার্থক্য রয়েছে—
i. তাত্ত্বিক ও ব্যবহারিক
ii. প্রাতিষ্ঠানিক ও সামাজিক স্বীকৃতি
iii. জীবিকা ও জীবন ধারণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৯. সমাজকর্মের প্রতিরোধমূলক কার্যক্রমের আওতাভুক্ত—
i. গ্রামীণ সমাজসেবা ii. মুক্ত কয়েদি পুনর্বাসন
iii. সামাজিক শিক্ষা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১০. আমেরিকায় জাতীয় সমাজকর্মী সমিতি কবে প্রতিষ্ঠিত হয় ?
ক ১৯৪৫ সালে খ ১৯৫৫ সালে
গ ১৯৬৫ সালে ঘ ১৯৭৫ সালে

১১. কোনটি সামাজিক নিরাপত্তা কর্মসূচির ভিত্তি হিসেবে বিবেচিত ?
ক সরকারী সাহায্য খ পারিবারিক ভাতা
গ সামাজিক বীমা ঘ শ্রমিক ক্ষতিপূরণ

১২. পেশার আভিধানিক অর্থ কী?
ক আয় করা খ জীবিকা
গ বৃত্তি ঘ কর্মস্পৃহা

১৩. অক্ষম দরিদ্রের পর্যায়ভুক্ত ?
i. এতিম ii. পঙ্গু iii. বৃদ্ধ
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫ প্রশ্নের উত্তর দাও :**
জনাব রফিক সাহেব একজন পেশাদার সমাজকর্মী। তিনি সমাজস্থ মানুষের সমস্যা সমাধানে তার বাস্তবমুখী জ্ঞান ও সৃজনশীলতাকে কাজে লাগান।

১৪. উদ্দীপকে জনাব রফিক সাহেবের ক্ষেত্রে কোনটির প্রাধান্য পেয়েছে ?
ক শিক্ষার খ চতুরতার
গ অভিজ্ঞতার ঘ দক্ষতার

১৫. জনাব রফিক সাহেবের উক্ত কাজটি সুষ্ঠুভাবে করার জন্য প্রয়োজন—
i. কর্মদক্ষতার ii. সৃজনশীলতার iii. বাস্তবমুখী চিন্তার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৬. শিল্পায়ন বলতে বুঝায়—
ক শিল্প দ্রব্য আমদানী খ শিল্পদ্রব্য রপ্তানী
গ আধুনিক প্রযুক্তির ব্যবহার ঘ অধিক পণ্য উৎপাদন

১৭. 'উন্নয়ন হলো সামগ্রীক প্রচেষ্টার ফসল' উক্তিটির তাৎপর্য কী ?
i. জনগণ ও কর্তৃপক্ষের যৌথ উদ্যোগ
ii. নির্দিষ্ট পরিকল্পনার ফলশ্রুতি
iii. উন্নয়নমূলক কৌশলের ফলাফল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৮. শিল্পায়ন ও নগরায়নের ফলাফল—
i. জনসংখ্যা বৃদ্ধি ii. বেকারত্ব বৃদ্ধি
iii. জনসংখ্যার ভারসাম্য অবস্থা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. সমাজভেদে কিসের পার্থক্য পরিলক্ষিত হয় ?
ক সমাজকর্মের খ গোষ্ঠীর
গ দর্শনের ঘ মূল্যবোধের

২০. ওয়াকফ শব্দের অর্থ কী ?
ক দান খ আটক
গ সাহায্য ঘ মুক্তি

Copyright © Siam Jamal

http://teachingbd.com

২১. সমাজকর্ম কোন ধরনের পেশা ?
ক প্রধান　খ ঐচ্ছিক
গ সাহায্যকারী　ঘ সৃজনশীল

২২. যাকাত শব্দের অর্থ কী ?
ক ত্রাণ তৎপরতা　খ বিনা সুদে ঋণ প্রদান
গ পবিত্রতা　ঘ সাহায্য

২৩. মূল্যবোধ গড়ে ওঠে—
i. সামাজিক রীতিনীতিকে কেন্দ্র করে
ii. সামাজিক আইনকে কেন্দ্র করে
iii. সামাজিক আদর্শকে কেন্দ্র করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ২৪ ও ২৫ প্রশ্নের উত্তর দাও ঃ**
দারিদ্র্য, বেকারত্ব, অজ্ঞতা, জনসংখ্যাস্ফীতি, অপরাধ ও কিশোর অপরাধ ইত্যাদি সমস্যা মোকাবেলায় সমাজকর্ম প্রতিকার, প্রতিরোধ ও উন্নয়নমূলক বিভিন্ন কার্যক্রম গ্রহণ করে থাকে। তাছাড়া পশ্চাৎপদ জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নের জন্য চাহিদা ভিত্তিক বিভিন্ন সেবা কার্যক্রম গ্রহণ করে থাকে।

২৪. উদ্দীপকে সমাজকর্মের কোন দিকটি ফুটে ওঠেছে ?
ক বৈশিষ্ট্য　খ পরিধি　গ গুরুত্ব　ঘ উদ্দেশ্য

২৫. সমাজকর্মের উক্ত বিষয়ের বক্তব্য হলো—
i. সামাজিক নীতি প্রণয়ন ও বাস্তবায়ন
ii. পেশাদার সমাজকর্মী সৃষ্টিতে সহায়ক
iii. সামাজিক গবেষণাকে অন্তর্ভুক্ত
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

২৬. কোনটি পরিবর্তনশীল একটি জীবন্ত সত্তা ?
ক সমাজ　খ পরিবার　গ রাষ্ট্র　ঘ সম্প্রদায়

২৭. ১৯৪৬ সালে বিভারিজ রিপোর্টের উপর ভিত্তি করে প্রণীত আইন—?
i. পারিবারিক ভাতা আইন　ii. জাতীয় বীমা আইন
iii. জাতীয় স্বাস্থ্যসেবা আইন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

২৮. সামাজিক নিয়ন্ত্রণের ভাল উপায়— ?
i. ধর্ম ও পরিবার　ii. বিভিন্ন আইন　iii. বিভিন্ন শাস্তি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

২৯. সনাতন দৃষ্টিকোণ থেকে সমাজকল্যাণ হলো—
i. আশ্রয়হীনকে আশ্রয় দান　ii. কর্মহীনকে কর্ম দান
iii. অন্নহীনকে অন্ন দান
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৩০. কোনটির আইনগত ভিত্তি রয়েছে ?
ক দানশীলতার　খ ওয়াক্‌ফর
গ ধর্মগোলার　ঘ এতিমখানার

৩১. কোনটি সুসংগঠিত সাহায্য প্রদান পদ্ধতি ?
ক সমাজবিজ্ঞান　খ রাষ্ট্রবিজ্ঞান
গ সমাজকর্ম　ঘ অর্থনীতি

৩২. '১৮৯১' সালে COS কর্তৃক প্রকাশিত পত্রিকার নাম কী ?
ক The charity　খ The charities
গ The charities Review　ঘ Charities Review

৩৩. দান প্রথার সীমাবদ্ধতা হলো—
i. ইচ্ছা নির্ভর　ii. অসংগঠিত　iii. স্বাবলম্বন নীতি বর্জিত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩৪ ও ৩৫ প্রশ্নের উত্তর দাও ঃ**
জনাব রহিম একজন মুসলমান ধনী সম্পদশালী ব্যক্তি। তিনি তার সম্পত্তির একটি নির্দিষ্ট অংশ মসজিদ ও মাদ্রাসার জন্য দান করে একটি দলিলে সই করলেন।

৩৪. উদ্দীপকে রহিম সাহেবের দানটি কিসের সাথে সম্পর্কিত ?
ক যাকাত　খ সদকা　গ ধর্মগোলা　ঘ ওয়াক্‌ফ

৩৫. উদ্দীপকে উল্লেখিত দান পদ্ধতির পূর্ব শর্ত হলো—
i. সাবালক হওয়া
ii. আইন অনুযায়ী সম্পত্তি হস্তান্তর করা
iii. সুনির্দিষ্ট আইন
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৩৬. প্রাক শিল্প যুগে মানুষ আর্তমানবতার সেবায় নিজেদের নিয়োজিত করতো—
i. ধর্মীয় অনুপ্রেরণায় উদ্বুদ্ধ হয়ে　ii. মানবিকতাবোধে উদ্বুদ্ধ হয়ে
iii. প্রতিকূল প্রাকৃতিক পরিবেশের কারণে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩৭ ও ৩৮ প্রশ্নের উত্তর দাও ঃ**
জনাব আরিফ সদ্য ৩৩তম বি সি এস এ নিয়োগকৃত একজন এম বি বি এস ডাক্তার। তিনি একটি পল্লী এলাকায় যোগদান করলেন যেখানে ধনী, দরিদ্র, উচু-নিচু সকল ধরনের লোকের বসবাস। চিকিৎসার ক্ষেত্রে তিনি সমাজের উচু নিচু দেখে চিকিৎসা প্রদান করেন, যা অনেকের নিকট পছন্দ হয় না।

৩৭. উদ্দীপকে ডা: আরিফের ক্ষেত্রে সমাজকর্মের কোন মূল্যবোধের ঘাটতি রয়েছে ?
ক সম্পদের সঠিক ব্যবহার　খ সকলের সমান সুযোগ
গ আত্মনিয়ন্ত্রণের অধিকার　ঘ সামাজিক মর্যাদা

৩৮. ডা: আরিফ তার পেশার ক্ষেত্রে লঙ্ঘন করেছে—
i. মূল্যবোধ　ii. নীতিমালা　iii. আদর্শ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৩৯. পেশাগত মূল্যবোধের উপস্থিতি —
i. সমাজকর্মে　ii. সাংবাদিকতায়　iii. শিক্ষকতায়
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৪০. NASW এর পূর্ণরূপ কী ?
ক Natinal Association of Social Workers
খ Natinal Association of Several Workers
গ Natinal Association of Social Work
ঘ Natinal Association of Social Works

Copyright © Shah Jamal

http://teachingbd.com